

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
আগৈলঝাড়া, বরিশাল।
www.fisheries.agailjhara.barisal.gov.bd

স্মারক নম্বরঃ ৩৩.০২.০৬০২.৫০১.৩৮.০০১.২৪-১৮

তারিখঃ ১৯/০২/২০২৬ খ্রিঃ

নোটিশ

বিষয়ঃ 'জাতীয় মৎস্য পদক-২০২৬'-এর মনোনয়ন প্রস্তাব আহবান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য সেক্টরের বিভিন্ন ক্ষেত্রে গৌরবময় ও উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ প্রতি বছর জাতীয় মৎস্য পদক প্রদান করা হয়ে থাকে। 'জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০২৬ অনুসারে ২০২৫ খ্রিস্টাব্দকে (জানুয়ারি- ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ) ভিত্তি বছর ধরে 'জাতীয় মৎস্য পদক-২০২৬' প্রদান করা হবে। পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ হলো-

- ১। মাছের গুণগতমানের রেণু/ পোনা উৎপাদন।
- ২। দেশীয় প্রজাতির ছোট মাছ উৎপাদন।
- ৩। কার্পজাতীয় মাছ/ পাঞ্জাশ/ তেলাপিয়া/ কই/ কুঁচিয়া/ সিবাস/ মিল্ক ফিশ/ নোনা টেংড়া উৎপাদন।
- ৪। গলদা/ বাগদা/ দেশীয় অন্য প্রজাতির চিংড়ির PL (Post Larve) উৎপাদন
- ৫। ক্রাবলেট/স্পেস্ট/ গলদা/ বাগদা/ দেশীয় প্রজাতির চিংড়ি/ কঁকড়া/ ঝিনুক উৎপাদন।
- ৬। মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানি/ কঁকড়া/ কুঁচিয়া/ ঝিনুক/ শামুক রপ্তানি/ মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান।
- ৭। মৎস্যসম্পদ উন্নয়ন ও সামুদ্রিক মৎস্যসম্পদ ব্যবস্থাপনায় ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমবায় সমিতি/ গণমাধ্যম/ মৎস্য সংক্রান্ত সমাজভিত্তিক সংগঠনের অবদান/ সমগ্র কর্মজীবনের অবদান/ প্রযুক্তি উদ্ভাবন (গবেষক/ গবেষণা প্রতিষ্ঠান/ শিক্ষা প্রতিষ্ঠান/সংস্থা)।
- ৮। মৎস্যসম্পদ সংরক্ষণ, উন্নয়ন এবং সম্প্রসারণে প্রান্তিক জনগোষ্ঠী/ নারী উদ্যোক্তা/ যুব উদ্যোক্তা এবং মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারির অবদান।

এমতাবস্থায়, আগৈলঝাড়া উপজেলাধীন আগ্রহী মৎস্যচাষী/ ব্যক্তি/ সমিতি/ গণমাধ্যম/ সংগঠন/ গবেষক/ প্রতিষ্ঠান/ সংস্থাকে প্রযোজ্য ফরমটি (সংযুক্ত) সঠিকভাবে পূরণপূর্বক ০৫ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অত্র দপ্তরে জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

- ১। আবেদন ফরম
- ২। জাতীয় মৎস্য পদক নীতিমালা-২০২৬

Shahid
19.02.2026
(মানিক মল্লিক)

পরিচিতি নম্বরঃ ০০৭৫৪
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
আগৈলঝাড়া, বরিশাল।
মোবাইলঃ ০১৭৬৯৪৫৯৫৯৭

Email: sufoagailjhara@fisheries.gov.bd

স্মারক নম্বরঃ ৩৩.০২.০৬০২.৫০১.৩৮.০০১.২৪-১৮/১(১০)

তারিখঃ ১৯/০২/২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জেলা মৎস্য কর্মকর্তা, বরিশাল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।
- ৩। উপজেলা কর্মকর্তা, আগৈলঝাড়া, বরিশাল।
- ৪। জনাব
- ৫। সংশ্লিষ্ট নথি।

Shahid
19.02.2026
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
আগৈলঝাড়া, বরিশাল।